

**ঘানা সফরে রাষ্ট্রপতি  
(জুন ১২-১৪, ২০১৬)**

- ১) মহামান্য রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখোপাধ্যায় ঘানা প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট মান্যবর জনাব জন দ্রামানি মাহামা-র আমন্ত্রণে ঘানা প্রজাতন্ত্রে একটি রাষ্ট্রীয় সফর করবেন ১২-১৪ জুন, ২০১৬। রাষ্ট্রপতির সফরসঙ্গী হবেন একজন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, সংসদের চারজন সদস্য, উর্ধ্বর্তন কর্মকর্তা, বাণিজ্যিক এবং সংবাদমাধ্যমের প্রতিনিধিরা।
- ২) পৌঁছনোর পর রাষ্ট্রপতিকে ঘানার ঐতিহ্য অনুসারে স্বাগত জানাবেন ঘানা প্রজাতন্ত্রের ভাইস-প্রেসিডেন্ট মহামান্য জনাব কোয়েসি বেকো আমিশা আর্থার।
- ৩) প্রতিনিধি পর্যায়ের বৈঠকের পর মাননীয় রাষ্ট্রপতি প্রেসিডেন্ট মাহামার সঙ্গে একান্ত বৈঠক করবেন। সাংস্কৃতিক বিনিময় নবীকরণ এবং ভারত-ঘানা যৌথ কমিশন স্থাপন-সহ একাধিক চুক্তি স্বাক্ষরের জন্য প্রক্রিয়াধীন।
- ৪) মহামান্য রাষ্ট্রপতি একটি যৌথ বাণিজ্যিক ফোরাম এবং ঘানা বিশ্ববিদ্যালয়ে বক্তব্য রাখবেন। এছাড়াও মহামান্য রাষ্ট্রপতির সম্মানার্থে ভারতীয় হাই কমিশন আয়োজিত একটি সংবর্ধনা অনুষ্ঠানে ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে আলাপচারিতা করবেন মহামান্য রাষ্ট্রপতি।

৫) ভারতীয় সংস্কৃতির উপহার হিসাবে মহামান্য রাষ্ট্রপতি মহাআন্ত গান্ধীর একটি মূর্তি উন্মোচন করবেন এবং ভারতীয় সহযোগিতার প্রতীক হিসাবে ফ্ল্যাগ স্টাফ হাউস (ঘানার প্রেসিডেন্সিয়াল কমপ্লেক্স)-এ একটি চারাগাছ রোপন করবেন মহামান্য রাষ্ট্রপতি। এছাড়াও মহামান্য রাষ্ট্রপতি আক্রান্ত আইসিটি এক্সিলেন্স-এ ভারত-ঘানা কোফি আনান সেন্টার পরিদর্শন করবেন, যা প্রতিষ্ঠিত ২.৮৬ মিলিয়ন মার্কিন ডলারের ভারতীয় সহায়তায়।

৬) দ্বিপাক্ষিক বাণিজ্য এবং বিনিয়োগ দৃঢ়ভাবে ক্রমবর্ধমান। ঘানায় ভারতের ক্রমবর্ধমান বিনিয়োগ বর্তমান সময় পর্যন্ত এক বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে গিয়েছে এবং ২০১৫-১৬—এ দ্বিপাক্ষিক বাণিজ্য তিন বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে গিয়েছে।

৭) এছাড়া প্রেসিডেন্ট মাহামা মহামান্য রাষ্ট্রপতি এবং প্রতিনিধি দলের সম্মানার্থে একটি রাষ্ট্রীয় ভোজসভার আয়োজন করবেন।

৮) মহামান্য রাষ্ট্রপতি আইভরি কোস্টের উদ্দেশ্যে রওনা দেবেন ১৪ জুন, ২০১৬।

নয়াদিল্লি

জুন ৬, ২০১৬